



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত  
প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

২২ জুলাই, ২০২০

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়,  
মাননীয় মুখ্যমন্ত্রী,  
পশ্চিমবঙ্গ সরকার

বিষয়ঃ জ্বালানি তেলের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে ক্ষুদ্র মৎস্যজীবীদের নৌকার জন্য  
জরুরী ভিত্তিতে ভর্তুকিযুক্ত তেল সরবরাহের ব্যবস্থা

মাননীয় মহাশয়া,

বিগত ৩ মাসে পেট্রল, ডিজেল ও কেরোসিনের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ঘটেছে। পেট্রল ও ডিজেলের দাম লিটার প্রতি ৮০ টাকা বা তার বেশি, গণ-বন্টন বহির্ভূত খোলা বাজারে কেরোসিনের দাম লিটার প্রতি ৭০ টাকার বেশি।

স্বল্পশক্তির মোটর চালিত নৌকা নিয়ে সমুদ্রে, নদীতে, খালে, বিলে মাছ ধরে জীবিকা নির্বাহ করা ক্ষুদ্র মৎস্যশিকারিরা (জেলেরা) জ্বালানি তেলের এই মূল্যবৃদ্ধিতে অত্যন্ত বিপাকে পড়েছেন। সাধারণ মানুষের প্রতিদিনের প্রয়োজনীয় মাছ সরবরাহকারী এই ক্ষুদ্র মৎস্যজীবীরা সরকারের কাছে সহানুভূতিশীল ও মানবিক ব্যবহারের অপেক্ষা রাখেন।

পরিস্থিতি ক্ষুদ্র মৎস্যজীবীদের উপর থেকে এই সাংঘাতিক আর্থিক চাপ আশু লাঘব করার দাবি করছে। ক্ষুদ্র মৎস্যজীবীদেরকে নিষ্কর জ্বালানি তেল সরবরাহ করা আবশ্যিক। মাছ ধরায় নিযুক্ত স্বল্পশক্তির মোটর চালিত ছোট নৌকাগুলিতে (motorized non-mechanical fishing boats) জ্বালানি হিসেবে ব্যবহৃত পেট্রল ও ডিজেলের উপর থেকে আবগারি শুল্ক ও ভ্যাট (Excise Duty & VAT) প্রত্যাহার করা এবং নৌকার জ্বালানি হিসেবে ব্যবহৃত কেরোসিন গণ-বন্টন হারে (PDS Rate) সরবরাহ করা প্রয়োজন।

‘সুস্থায়ী বিকাশের’ নীতি কঠোরভাবে অনুসরণ করে মাছ ধরার নৌকার জন্য জ্বালানি তেলের ভর্তুকি কেবলমাত্র ক্ষুদ্র মৎস্যক্ষেত্রে জীবিকা সহায়তা হিসেবে প্রদান করা উচিত। এই ভর্তুকি কোনমতেই বৃহত্তর যান্ত্রিক (mechanized) নৌকাগুলিকে দেওয়া উচিত নয় যারা ব্যবসায়িক উদ্দেশ্যে বৃহত্তর ক্ষমতা ও আগ্রাসী মৎস্য শিকার পদ্ধতি ব্যবহার করে সামুদ্রিক মৎস্যক্ষেত্রে অতিরিক্ত ও ধ্বংসাত্মক মৎস্যশিকারের বিপর্যয় ডেকে এনেছে।

ভারতীয় ডাক

EW452262161IN IVR:6997452262161  
SP GOBINDA KHATICK ROAD S.O. 700046  
Counter No:1.24/07/2020.11:57  
To:SMT M BANERJE.HON CHIEF MINISTER India Post  
PIN:711102, Sibour SO  
From:M DAS GEN SECT.20/4 SIL LANE  
Wt:15gms  
Amt:41.30(Cash)Tax:6.30  
<Track on [www.indiapost.gov.in](http://www.indiapost.gov.in)>



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ. অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

এই পরিপ্রেক্ষিতে আমরা সামুদ্রিক ক্ষেত্রে মার্চেন্ট শিপিং অ্যাক্টের রেজিস্ট্রেশন বিধি মোতাবেক মোটরচালিত অ-যান্ত্রিক (motorized non-mechanical) মাছ ধরা নৌকাগুলির জন্য জ্বালানি ভর্তুকির দাবি জানাচ্ছি। অভ্যন্তরীণ ক্ষেত্রে আমরা সব মোটরচালিত মাছ ধরা নৌকার জন্য জ্বালানি ভর্তুকির দাবি জানাচ্ছি যেহেতু সেখানে কোন মোটরচালিত যান্ত্রিক (motorized mechanical) মাছ ধরা নৌকার অস্তিত্ব নেই। মৎস্যজীবী সমবায় সমিতিগুলিকে ক্ষুদ্র মৎস্যজীবীদের ভর্তুকিযুক্ত তেল সরবরাহ করার দায়িত্ব দেওয়া যেতে পারে, এতে ক্ষুদ্র মৎস্যক্ষেত্রের উন্নতি হবে।

বিষয়টি সম্পর্কে রাজ্য সরকারকে অবিলম্বে সিদ্ধান্ত নিতে ও কেন্দ্রীয় সরকারের বিবেচনার জন্য বিষয়টি উপস্থাপিত করার অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

মিলন দাস  
সাধারণ সম্পাদক  
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম  
মোবাইলঃ ৭৮৭২৪০৭৬১১